দেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

54

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 AUG 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# প্রশ্নব্যাংক বাতিল করার সিদ্ধান্তের প্রতি শিক্ষক নেতৃবৃন্দের সমর্থন

দেশের শিক্ষক নেতৃবৃন্দ এস, এসসি, পরীক্ষায় প্রশ্নব্যাংক পদ্ধতি বাতিল করার সিদ্ধান্তের প্রতি জোরালো সমর্থন জানাইয়াছেন। নূতন পদ্ধতি প্রশ্নের নৈর্ব্যক্তিক বর্ণনামূলক অংশে স্বতন্ত্রভাবে পাশ করিতে হইবে। শিক্ষা সচিব

( ১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## প্রশ্নব্যাংক

( ১ম পৃঃ পর )

মোঃ ইরশাদুল হকের সভাপতিত্বে গতকাল (মঙ্গলবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে দেশের বিভিন্ন শিক্ষক সমিতির নেতৃবৃন্দের সাথে এসএসসি পরীক্ষা পদ্ধতি সম্পর্কে উদ্ভূত পরিস্থিতি লইয়া এক আলোচনা সভায় এই সমর্থন জানানো হয়। সভায় শিক্ষার্থীদের মেধার বিকাশ, শিক্ষার গুণগত মান উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্য প্রশ্ন ব্যাংক পদ্ধতি বজায় রাখার কোন যৌক্তিকতা নাই বলিয়া নেতৃবৃন্দ অভিমত ব্যক্ত করেন। তাহারা সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নে অভিভাবক, শিক্ষক এবং বিবেকবান ব্যক্তিদের সক্রিয়ভাবে আগাইয়া আসার আহ্বান জানান এবং শিক্ষার গুণগত মান উন্নয়নের পথে বাধা প্রদানকারী মহলের ব্যাপারে সংশ্লিষ্ট সকলের প্রতি সতর্ক থাকার অনুরোধ জানান।

জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ মাহমুদ মোকাররম হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামান, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ সেকান্দার আলী খলিফা, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ আবদুর রাজ্জাক, বাংলাদেশ শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি মোঃ সাখাওয়াত হোসেন, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম, বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির সভাপতি এস এম হাবিবুর রহমান, বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আঃ মাজেদ তালুকদার, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহা-সচিব মোঃ তোয়াহা, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহানগর কমিটির সভাপতি মোঃ হাবিবুল্লাহ খান, বাংলাদেশ শিক্ষক সমিতির দপ্তর সচিব মোঃ সহিদুর রহমান এবং বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব হাজেরা বেগম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর মোঃ ইউনুস মিয়া ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ময়েজউদ্দিন আহমেদ সভায় উপস্থিত ছিলেন।

—তথ্য বিবরণী